যুগান্তর

তারিখ ....11 JUN 2017
পৃঃ ...১৭.. কলাম...৬.......

# নিজ বিশ্ববিদ্যালয় থেকে ভিসি চান শাবির শিক্ষকরা

**মেহেদী কবীর,** *শাবি*

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চলা গত কয়েক বছরের অভ্যন্তরীণ সংকট এড়াতে নিজেদের অধ্যাপকদের মধ্য থেকেই ভিসি চাচ্ছেন শিক্ষকরা। এ ব্যাপারে একাত্মতা পোষণ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। এছাড়া ভিসির সঙ্গে সঙ্গে প্রো-ভিসিও নিজেদের শিক্ষকদের মধ্য থেকে চাচ্ছেন শাহজালাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। বিশ্ববিদ্যালয়ে চলমান অবস্থার সংকট মোকাবেলায় এর বিকল্প নেই বলে দাবি করছেন অনেক সিনিয়র শিক্ষক।

১৯৮৯ সাল থেকে এখন পর্যন্ত বিভিন্ন মেয়াদে নয়জন ভিসি নিয়োগ দিলেও এখন পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের কাউকে শাবিতে ভিসি হিসেবে নিয়োগ দেয়া হয়নি। কাউকে পায়নি বিশ্ববিদ্যালয়টি। যার ফলে বিভিন্ন সময়ে বিভিন্ন অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে বেশ কয়েকজন ভিসিকে আন্দোলনের মধ্য দিয়ে পদত্যাগ করতে হয়েছে। বর্তমানে দায়িত্বে থাকা অধ্যাপক আমিনুল হক ভূঁইয়ার মেয়াদ শেষ হচ্ছে এ বছরের ২৭ জুলাই। তবে ২০১৩ সালে দায়িত্ব নেয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের খাদ্য ও পুষ্টি বিজ্ঞানের এ অধ্যাপকের পদত্যাগ দাবিতে এরই মাঝে দীর্ঘ পাঁচ মাস আন্দোলন করেছে বিশ্ববিদ্যালয়ের আওয়ামী পন্থী প্যানেলের একাংশ। এছাড়া তার বিরুদ্ধে অর্থের বিনিময়ে নিয়োগ, শিক্ষক, কর্মকর্তা কর্মচারী, শিক্ষার্থীদের মধ্যে বিভাজন, শিক্ষকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণসহ একনায়কতন্ত্র কায়েমের অভিযোগ করেছেন শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা। সার্বিক দিক বিবেচনায় বিশ্ববিদ্যালয়কে স্থিতিশীল রাখতে অভ্যন্তরীণ অধ্যাপকদের মধ্য থেকে নতুন ভিসি ও প্রো-ভিসি নিয়োগ দেয়ার জন্য রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি দিয়েছেন শাবি শিক্ষক সমিতি। সমিতির সাধারণ সম্পাদক সহযোগী অধ্যাপক মহিবুল আলম বিষয়টি সম্পর্কে বলেন, 'গত ৫ জুন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক সৈয়দ সামসুল আলম ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত এক স্মারকলিপি রাষ্ট্রপতি বরাবর পাঠানো হয়েছে। স্মারকলিপিতে বলা হয়, 'বিশ্ববিদ্যালয়ে বর্তমানে অনেক স্বনামধন্য শিক্ষক রয়েছেন, যাদের মাধ্যমে বিশ্ববিদ্যালয় সুচারুরূপে পরিচালনা সম্ভব। স্মারকলিপিতে সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের মধ্য থেকে যোগ্য, জ্যেষ্ঠ ও প্রশাসনিকভাবে দক্ষ যেকোনো অধ্যাপককে নতুন ভিসি ও প্রো-ভিসি নিয়োগ দেয়া বাঞ্ছনীয় বলে উল্লেখ করা হয়। মুহিবুল আলম জানান, শিক্ষক সমিতি শিক্ষকদের অভিমত প্রকাশের একটি জায়গা। গত ১৩ মার্চ সমিতির সাধারণ সভায় ওই স্মারকলিপি প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেয়া হয়। শিক্ষকদের মতামতের বিষয়টি বিবেচনার জন্য তিনি রাষ্ট্রপতির প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর